গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা (সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

**বিষয় ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১ প্রণয়নের লক্ষ্যে গঠিত 'বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১ প্রণয়ন কমিটি'-র সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | লায়লা জেসমিন<br>অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>নৌপরিবহন মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ঃ | ০৩-০৬-২০২১ |
| সময় | ঃ | বেলা ০৩.০০ টা। |
| স্থান | ঃ | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা ঃ পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার সূচনায় সভাপতি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে সরকার মার্চ, ২০২০ হতে মার্চ, ২০২১ পর্যন্ত সময়কে মুজিববর্ষ হিসেবে ঘোষনা করে। পরবর্তীতে মুজিববর্ষের মেয়াদ ডিসেম্বর, ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হয়। মুজিবর্ষ পালন উপলক্ষ্যে অন্যান্য মন্ত্রণালয় এবং বিভাগের ন্যায় নৌপরিবহন মন্ত্রণালয়ও বিভিন্ন কর্মসূচী পালন করছে। সভাপতি বলেন, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন একটি নিয়মিত কার্যক্রম হলেও ২০২০-২০২১ অর্থ বছর মুজিববর্ষের আওতাধীন বিধায় এ অর্থ বছরের জন্য প্রণীতব্য বার্ষিক প্রতিবেদন যেন তথ্যবহুল হয় সে বিষয়ে যত্নশীল হওয়া প্রয়োজন। প্রতিবেদনের নকশা এবং প্রতিবেদনে প্রকাশের জন্য নির্বাচিত ছবিসমূহের রেজুলশন মানসম্পন্ন হলে প্রতিবেদনটি সংরক্ষণযোগ্য দলিল হিসেবে পরিগণিত হবে। সভাপতি এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

২। সভায় বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১ প্রকাশের সাথে সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ সম্পন্ন করার বিষয়ে কমিটির সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন। উক্ত আলোচনায় বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১ সফলভাবে নির্ধারিত সময়ে প্রকাশনার জন্য একাধিক উপকমিটি গঠনের বিষয়ে একমত পোষণ করা হয়।

৩। **সিদ্ধান্ত:**

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

**উপকমিটি গঠন:**

৩.১। **তথ্য সংগ্রহকরণ উপকমিটি:**

| | | | |
|---|---|---|---|
| (ক) | জনাব রফিক আহম্মদ সিদ্দিক, যুগ্মসচিব (পরিকল্পনা) | - | আহ্বায়ক |
| (খ) | জনাব সালাহউদ্দিন আহম্মদ, উপসচিব (উন্নয়ন-১ ও পিপিপি) | - | সদস্য |
| (গ) | মোছাঃ জেসমিন আকতার বানু, সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) | - | সদস্য সচিব |

**কার্যপরিধি:**

- কমিটি নৌপরিবহন মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে অধীনস্থ দপ্তর ও সংস্থা হতে তথ্য সংগ্রহের জন্য একটি ছক প্রণয়ন করবে।

- দপ্তর ও সংস্থা হতে সংগৃহীত তথ্যাদি প্রয়োজনবোধে সংশোধন, পরিমার্জন এবং হালনাগাদ করে মূল কমিটিতে উপস্থাপন করবে।

**৩.২। সমন্বয় উপকমিটি:**

| | | | |
|---|---|---|---|
| (ক) | জনাব মো: আলমগীর কবির, সিনিয়র সহকারী সচিব | - | আহ্বায়ক |
| (খ) | জনাব সৈয়দ মোহাম্মদ অলিউর রহমান, | - | সদস্য |
| (গ) | জনাব মোঃ কুতুব উল আলম সহকারী সচিব | - | সদস্য সচিব |

**কার্যপরিধি:**

- তথ্য সংগ্রহকরণ উপকমিটি কর্তৃক প্রণীত ছক অনুসারে তথ্য এবং ছবি সংগ্রহের লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর ও সংস্থায় ছক প্রেরণ করবে। জরুরীভিত্তিতে তথ্য সংগ্রহের জন্য কমিটি দপ্তর, সংস্থা এবং তথ্য সংগ্রহকরণ উপকমিটির সাথে কাজের সমন্বয় সাধন করবে।

- কমিটি দপ্তর ও সংস্থা হতে চাহিত তথ্যাদি আদান-প্রদানের জন্য একটি পৃথক ই-মেইল একাউন্ট খুলবে এবং সংশ্লিষ্টদের অবগত করবে।

- সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম।

**৩.৩। বাণী সংগ্রহ উপকমিটি:**

| | | | |
|---|---|---|---|
| (ক) | জনাব এ.টি. এম মোনেমুল হক, যুগ্মসচিব (টিএ, নদীরক্ষা ও টাস্কফোর্স) | - | আহ্বায়ক |
| (গ) | ড. মোহাম্মদ শহীদ হোসেন চৌধুরী, উপসচিব (আই.ও) | - | সদস্য |

**কার্যপরিধি:**

- নৌপরিবহন মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর ও সংস্থায় কর্মরত যেসকল কর্মকর্তা ও কর্মচারী কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন তাদের তথ্য সংগ্রহের জন্য ছক প্রণয়ন করবে। উক্ত ছকে মৃত কর্মকর্তা ও কর্মচারীর সংক্ষিপ্ত তথ্য (প্রোফাইল) ছবিসহ সংগ্রহ করবে। উপকমিটি এরূপ সংশ্লিষ্ট প্রোফাইল সংগ্রহের ছক প্রস্তুত করে তথ্য গ্রহণ করবে।

- বার্ষিক প্রতিবেদনের জন্য বানীর খসড়া প্রণয়ন এবং চূড়ান্তকরণ।

- সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম।

**৩.৪। সংকলন ও খসড়া সংক্রান্ত উপকমিটি:**

| | | | |
|---|---|---|---|
| (ক) | জনাব সুলতান আব্দুল হামিদ, অতিরিক্ত সচিব (উন্নয়ন) | - | আহ্বায়ক |
| (খ) | জনাব সালাহউদ্দিন আহম্মদ, উপসচিব (উন্নয়ন-১ ও পিপিপি) | - | সদস্য |
| (গ) | জনাব মো: শেখ শহিদুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব (জাহাজ) | - | সদস্য সচিব |

**কার্যপরিধি:**

- প্রাপ্ত তথ্যাদি সন্নিবেশিত করে বার্ষিক প্রতিবেদনের প্রচ্ছদ, সাজসজ্জা ও অলংকরণ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করবে।
- সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম।

৪। বার্ষিক প্রতিবেদনের জন্য প্রণীত ছকে তথ্য প্রেরণ নিশ্চিত ও সমন্বয়ের কাজে সকল দপ্তর/সংস্থা ০১জন করে ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন দিয়ে মন্ত্রণালয়কে অবহিত করবে।

৫। দপ্তর/সংস্থাসমূহ নিকশ ফন্টে সফট কপি এবং হার্ডকপিসহ তথ্য প্রস্তুত করে প্রেরণ করবে।

৬। উপকমিটি তাদের কাজের অগ্রগতির বিষয়ে প্রতি সপ্তাহে বার্ষিক প্রতিবেদন ২০২০-২১ প্রণয়ন সংক্রান্ত মূল কমিটির আহ্বায়ক-কে অবগত করবে।

৭। উপকমিটি সমূহ ২৫ জুলাই, ২০২১ এর মধ্যে প্রাথমিক তথ্য সংগ্রহ সম্পন্ন করার গ্রহণ করবে।

৮। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

স্বা:
তারিখ:১৭-০৬-২০২১
(লায়লা জেসমিন)
অতিরিক্ত সচিব (প্রশাসন)

নং-১৮.০০.০০০০.০১৬.২৩.০০৯.২১- ৪০৫

তারিখঃ ০৬ আষাঢ়, ১৪২৭ বঙ্গা: / ২০ জুন, ২০২১খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। চেয়ারম্যান, জানরক/চবক/মোবক/পাবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/বাস্থবক।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ঢাকা।
৫। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
৬। উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
৭। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম-৪২০৬।
৮। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।

৯। সিনিয়র সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।

১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

১১। সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।

১২। প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

১৬। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।

১৭। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

20.05.2021

রেবেকা সুলতানা
উপসচিব
ফোন ঃ ৯৫১৫৫৫১
sas.admin1@mos.gov.bd